ভোরের কাগজ

তারিখ JAN. 23 1999
পৃষ্ঠা ৪ কলাম ২

79

# সরকারি উচ্চ বিদ্যালয় চাই

আমরা যারা বাসাবো এবং পার্শ্ববর্তী এলাকায় বসবাস করি এবং যাদের মাধ্যমিক স্তরে অধ্যয়ন উপযোগী সন্তান রয়েছে তারা মহামুসিবতে রয়েছে। আবাসিক এলাকা হিসেবে বাসাবো খুবই সুন্দর। পরিকল্পিত সরকারি লিজের প্লটে বহুতল বিশিষ্ট অনেক ইমারত নির্মিত হয়েছে। মধ্যবিত্ত আয়ের লোকদের বসতিই বেশি। রাস্তাগুলোও বেশ প্রশস্ত। মারাত্মক অভাব একটাই, ভালো হাই স্কুল নেই। বেসরকারি একটি বালিকা বিদ্যালয় রয়েছে। তবে তার শিক্ষার মান হতাশাজনক। এখানে একটি সরকারি বালক উচ্চ বিদ্যালয় এবং একটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় খুবই প্রয়োজন। সরকারি বিদ্যালয়ে শ্রেণীকক্ষ, শিক্ষক কক্ষ, লাইব্রেরি, মিলনায়তন, খেলার মাঠ, ফুলের বাগান এবং সর্বোপরি উচ্চমান সম্পন্ন শিক্ষকবৃন্দ থাকেন বলে অধ্যয়নের মান খুবই ভালো। সরকারি স্কুলের শিক্ষার্থীদের জন্য উচ্চ শিক্ষার দুয়ার উন্মুক্ত থাকে। শিক্ষাকে কেন্দ্র করেই মধ্যবিত্তদের বেঁচে থাকতে হয়। সুন্দর জীবনের জন্য উৎকৃষ্ট শিক্ষার প্রয়োজন। দূরের বিদ্যালয়ে সন্তানদের পাঠানো অত্যন্ত বিপজ্জনক। ঢাকা শহরে মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের একা একা যাতায়াত কোনোক্রমেই নিরাপদ নয়।

এমতবস্থায় বাসাবো এলাকায় একটি বালক উচ্চ এবং একটি বালিক উচ্চ বিদ্যালয় জরুরি ভিত্তিতে স্থাপনের জন্য সরকারের কাছে জোর দাবি জানাচ্ছি।

জিবুননাহার
পশ্চিম বাসাবো, ঢাকা।